কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"




এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 7 AUGUST 2026 ,FRIDAY|৭ আগস্ট ২০২৬ ,শুক্রবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-245


## সাংসদ অভিষেকের চিকিৎসার দায়িত্ব আমাদের সরকারের বলে জানালেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,৬ আগস্ট :** আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের চিকিৎসার বিষয়ে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন , "প্রাক্তন সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক তথা সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের চিকিৎসার দায়িত্ব আমাদের সরকারের। মাথা কিংবা চোখ ,সব চিকিৎসাই এই রাজ্যেই হবে। সেবাশ্রয়ের মতো হাতুড়ে চিকিৎসকের হাতে তাঁকে ছেড়ে দেওয়া হবে না"।

## শিলিগুড়ি শহরে অবৈধভাবে পার্কিং ফি আদায়ের অভিযোগ ,স্থানীয়দের হাতে পাকড়াও অভিযুক্তেরা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৬ আগস্ট :** শিলিগুড়ি শহরের হিলকার্ট রোড, সেবক রোড সহ বিভিন্ন এলাকায় কয়েকজন ব্যক্তি দীর্ঘদিন ধরেই অবৈধভাবে পার্কিং ফি আদায় করছিলো বলে অভিযোগ যানবাহন চালক ও স্থানীয়দের। বৃহস্পতিবার স্থানীয়রা হাতে নাতে পাকড়াও করেন অভিযুক্তদের ও পুলিশের হাতে তুলে দেন। তারা জানান পার্কিং ফি আদায়ের জন্য পৌরনিগমের করা টেন্ডারের মেয়াদ চলতি বছরের মার্চ মাসে শেষ হয়ে গিয়েছে। এরপর নতুন করে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়নি। টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন না হলেও একটি অসাধু চক্র দীর্ঘদিন ধরে অবৈধভাবে এসব এলাকায় পার্কিং ফি আদায় করছিলো। অভিযোগ পেয়ে পুরনো টেন্ডার নেওয়া ঠিকাদার ও স্থানীয়রা বৃহস্পতিবার অভিযুক্তদের হাতে নাতে পাকড়াও করে পুলিশের হাতে তুলে দেন। তাদের দাবি যথাযথ তদন্ত করে অভিযুক্তদের কঠোর শাস্তি প্রদান এর ব্যবস্থা করুক প্রশাসন।

## ১৭ আগস্ট থেকে অন্নপূর্ণা যোজনায় তিন হাজার টাকা করে যোগ্য মহিলা উপভোক্তাদের অ্যাকাউন্টে জমা হবে বলে জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ, হাওড়া ,৬ আগস্ট :** আজ নবান্নে সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী অন্নপূর্ণা যোজনা বিষয়ে বলেন , "জুন মাস থেকে ৩১ জুলাই পর্যন্ত অনলাইন এবং অফলাইনের মাধ্যমে অন্নপূর্ণা র আবেদন গ্রহণ করা হয়েছে ।অফলাইনের মাধ্যমে অন্নপূর্ণা র আবেদন যারা করেছেন পোর্টালে তাদের নাম এখন আপলোড করা হচ্ছে। এখনও পর্যন্ত ২ কোটি ১৬ লক্ষ আবেদন জমা পড়েছে। আবেদনকারীদের প্রত্যেকটির ভেরিফিকেশন এর কাজ প্রায় শেষ পর্যায়ে। আগামী ১৭ আগস্ট থেকে তিন হাজার টাকা করে যোগ্য উপভোক্তা মহিলাদের অ্যাকাউন্টে দেওয়া হবে।পরের মাস অর্থাৎ সেপ্টেম্বর থেকে প্রত্যেক মাসের দ্বিতীয় সপ্তাহে টাকা অ্যাকাউন্টে ট্রান্সফার করা হবে। কি কি কারণে যোগ্য বলে উপভোক্তাদের বিবেচনা করা হবে, সেটা ১০ আগস্ট নবান্নে সাংবাদিক সম্মেলন করে ঘোষণা করা হবে"। এছাড়াও তিনি বলেন , "ভারত সরকারের কার্যক্রম 'হর ঘর তেরঙা কর্মসূচি' তে আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ প্রথমবার যুক্ত হতে চলেছে। প্রথমবার প্রত্যেকটি জেলা,পৌরসভা, মহকুমা এবং ব্লকে মোট ৭০ লক্ষ জাতীয় পতাকা রাজ্য সরকারের পক্ষ থেকে বিতরণ করা হবে। সমাজের সমস্ত স্তরের মানুষজনকে এই কর্মসূচিতে অংশগ্রহণ করতে আহ্বান করা হচ্ছে এবং সক্রিয়ভাবে যুক্ত হতে প্রচার চালানো হচ্ছে"।

## শুভেন্দু অধিকারীর সরকার দ্বিতীয় কিস্তির টাকার চেক তুলে দিল উপভোক্তাদের হাতে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ আগস্ট :** দীর্ঘ জল্পনার অবসান হয়েছে। মমতা ব্যানার্জির সরকার বাংলার আবাস যোজনা প্রকল্পের জন্য ৬০ হাজার টাকা করে দিয়েছিলেন। সরকার পরিবর্তন হওয়ার পরেই অনেকের মুখে শোনা গিয়েছিল দ্বিতীয় কিস্তির টাকা হয়তো পাওয়া যাবে না। অবশেষে শুভেন্দু অধিকারীর সরকার বাংলা আবাস যোজনা নাম পরিবর্তন করে পশ্চিমবঙ্গ আবাস যোজনার দ্বিতীয় কিস্তির ৬০ হাজার টাকা দেওয়ার কথা ঘোষণা করলেন। এদিন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক ক্যাম্পাসে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর ভার্চুয়াল সভা শেষ হওয়ার পর প্রায় দুই শতাধিক উপভোক্তাদের হাতে ষাট হাজার টাকার চেক তুলে দিলেন। যদিও প্রশাসনিক কর্তারা জানিয়েছেন এই এক লক্ষ কুড়ি হাজার টাকা দিয়ে আবাস যোজনর কাজ শেষ হবে না কিছু টাকা নিজেদের পকেট থেকে লাগাতে হবে। এদিন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের সমষ্টি উন্নয়ন উন্নয়ন আধিকারিক সহ অন্যান্য প্রশাসনিক কর্তারা মুখ্যমন্ত্রীর ভার্চুয়াল সভায় উপস্থিত ছিলেন। উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার দুই পঞ্চায়েত সমিতির বিজেপির পঞ্চায়েত সমিতির সদস্যা গন। দ্বিতীয় কিস্তির টাকা হাতে পেয়ে সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন উপভোক্তা গণ।

# গদাধর নদীর বাঁধ ভাঙলো ,বোরাগাড়ীতে জনজীবন বিপর্যস্ত



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ আগস্ট :** গদাধর নদীর বাঁধ ভেঙ্গে গেছে আর এর ফলেই ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের বোরাগাড়ি এলাকায় কয়েকশো বাড়ি জল ভগ্ন হয়ে গেছে। বৃহস্পতিবার সকাল থেকে রাজ্য সড়কের উপর দিয়ে জল বইতে থাকে। কিছুক্ষণের মধ্যেই বোরাগাড়ি ২৬২ নম্বর বুথে রাজ্য সড়কে ফাটল দেখা দেয়। শেষ পর্যন্ত রাজ্য সড়ক ভেঙ্গে যায়। প্রায় ১৫ ফুট রাস্তা ভেঙ্গে যাওয়ার দরুন বাড়ি থেকে জল নামতে শুরু করে। ভাঙ্গনের খবর পাওয়ার পরেই ৫ নম্বর মন্ডলের বিজেপির মন্ডল সভাপতি মতিলাল বর্মন ওই এলাকায় পৌঁছান বিষয়টি জানানো হয় প্রশাসনিক কর্তাদের। তৎক্ষণাৎ ওই এলাকায় গিয়ে পৌঁছায় আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিস থেকে ইঞ্জিনিয়ার সহ অন্যান্য প্রশাসনিক কর্তারা। তারা জানিয়েছেন সাধারণ মানুষের যাতায়াতের স্বার্থে খুব তাড়াতাড়ি ব্যবস্থা করা হবে এবং ভাঙ্গন ঠেকাতে জরুরি ভিত্তিতে কাজ শুরু করা হবে। ওই এলাকার বাসিন্দাদের শুকনো খাবারের ব্যবস্থা করা হয়েছে। গবাদি পশুর সহ অন্যান্য জীবজন্তু নিয়ে অনেকটাই বিপাকে রয়েছেন এলাকার বাসিন্দারা। যদিও এলাকার বাসিন্দারা জানিয়েছেন রাস্তা মেরামত করার আগে গদাধর নদীর বাঁধ নির্মাণ জরুরী। প্রতি বছর মাটির বাঁধ ভেঙ্গে জলমগ্ন হয়ে পড়ে গোটা এলাকা। স্থায়ী সমস্যা সমাধানের লক্ষ্যে বাঁধ নির্মাণ খুব জরুরী মনে করছেন এলাকার বাসিন্দারা। রাস্তা ভাঙ্গন হওয়ায় এলাকার বাসিন্দারা বিপাকে পড়েছেন জীবনের ঝুঁকি নিয়েই কয়েক ফুট জল দিয়েই কাপড় ভিজিয়ে যাতায়াত করছেন তারা।

# পাচারের আগেই উদ্ধার মহিষ বারবিশায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ আগস্ট :** আসামে মহিষপাচার রোধে বড়সড় সাফল্য বারবিশা নতুন নাকা পয়েন্টে প্রথম দিনেই বড়সড় সাফল্য পেল বারবিশা পুলিশ ফাঁড়ি। নাকা চেকিং চলাকালীন দুটি পৃথক গাড়িতে অভিযান চালিয়ে মোট ৩৭টি মহিষ উদ্ধার করেছে পুলিশ।পুলিশ সূত্রে জানা গিয়েছে, উদ্ধার হওয়া গাড়িগুলির মধ্যে একটি হরিয়ানা নম্বরের কন্টেনার এবং অন্যটি পশ্চিমবঙ্গ নম্বরের একটি পিক-আপ ভ্যান। ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে।প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, উদ্ধার হওয়া মহিষগুলি পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে গোটা পাচারচক্রের সঙ্গে জড়িতদের খোঁজে তদন্ত শুরু করেছে বারবিশা পুলিশ ফাঁড়ি।উদ্ধার হওয়া মহিষগুলিকে নিরাপদে রাখা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়া হচ্ছে।

# পাচারের আগেই উদ্ধার গাঁজা ,গ্রেপ্তার দুই



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,৬ আগস্ট :** পাচারের আগেই উদ্ধার ষাট কেজি গাঁজা গ্রেপ্তার দুই। জানা গেছে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ বৃহস্পতিবার দুপুরে জলপাইগুড়ি শিলিগুড়ি জাতীয় সড়কের ফুলবাড়ি জিয়াগঞ্জ এলাকায় একটি ছোট চার চাকার যাত্রীবাহী গাড়ি আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক গাড়ির ডিকি থেকে উদ্ধার হয় ষাট কেজি গাঁজা। গ্রেপ্তার করা হয় দুই ব্যক্তিকে। ধৃতদের নাম উকিল মিঞা ও সন্তোষ রবিদাস, দুজনেই কোচবিহারের বাসিন্দা। পুলিশের অনুমান কোচবিহারের দিনহাটা থেকে এই গাঁজা শিলিগুড়ি হয়ে ভিন রাজ্যে পাচারের উদ্দেশ্যে নিয়ে আসা হচ্ছিলো। পুলিশ সূত্রে জানানো হয় গাঁজা উদ্ধার,বাজেয়াপ্ত করা ও গ্রেপ্তারি প্রক্রিয়া এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে। শুক্রবার তাদের জলপাইগুড়ি জেলা আদালতে পেশ করা হবে। পুলিশ গোটা ঘটনার তদন্ত শুরু করেছে।

# ধানক্ষেত থেকে উদ্ধার একটি বুনো হাতির দেহ ,চাঞ্চল্য এলাকায়



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ আগস্ট :** আলিপুরদুয়ার জেলার ফালাকাটা ব্লকের ময়রাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের হরিমন্দির এলাকার একটি ধানক্ষেত থেকে বৃহস্পতিবার সকালে উদ্ধার হলো একটি পূর্ণ বয়স্ক দাঁতালের মৃতদেহ। জানা গেছে এদিন সকালে স্থানীয়রা হাতির মৃতদেহটি ধানক্ষেতে পড়ে থাকতে দেখে বন দপ্তরের মাদারীহাট রেঞ্জে খবর দেন। খবর পেয়ে বন দপ্তরের মাদারীহাট রেঞ্জের ও দক্ষিন খয়েরবাড়ি বিটের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান। হাতির দেহটি দেখে তাদের অনুমান বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে হাতিটির মৃত্যু হয়েছে। মৃত হাতিটির দেহের একপাশে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে ঝলসে যাবার মতো ক্ষত রয়েছে বলে জানান বন কর্মীরা। তারা আরও জানান বুধবার রাতে খয়েরবাড়ি জঙ্গল থেকে কয়েকটি হাতি লোকালয়ে চলে আসে। তাদের মধ্যে এই হাতিটি ও ছিলো। সব গুলি বনে ফিরে গেলেও এই দাঁতালটি বিদ্যুৎ স্পৃষ্ট হয় বলে তাদের ধারণা। বন কর্মীরা জানান অনেকেই হাতির হানা থেকে ফসল বাঁচাতে অবৈধভাবে ক্ষেতের চারপাশে তার লাগিয়ে বিদ্যুৎ সংযোগ করেন। ঘটনাস্থল থেকে বন কর্মীরা বেশ কিছু বৈদ্যুতিক তার ও বাঁশের খুঁটি উদ্ধার করেন। হাতির দেহটি উদ্ধার করে নিয়ে যাওয়া হয় ময়না তদন্তের জন্য। বন কর্মীরা জানান ময়না তদন্তের রিপোর্ট পেলেই মৃত্যুর সঠিক কারন জানা যাবে। তারা অভিযুক্তের খোঁজে তল্লাশী চালাচ্ছে। হাতির মৃত্যুর ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

# আলিপুরদুয়ার শহরে পুলিশের অভিযান সবজি বাজারে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ আগস্ট :** আলিপুরদুয়ার শহরের বাজার গুলোতে জিনিসপত্রের দাম যাচাই করতে প্রশাসনিক কর্তারা উপস্থিত হয়েছেন। পুলিশ এবং অন্যান্য প্রশাসনিক কর্তারা নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম সহ সবজি বাজারের বিভিন্ন সবজির দাম যাচাই শুরু করেছেন। পশ্চিমবঙ্গে সরকার পরিবর্তনের পর সরকারি নির্দেশে প্রশাসনিক কর্তারা জেলার বিভিন্ন প্রান্তের বাজারগুলিতে সবজির বাজার দর নিয়ে কোন কালো বাজারি চলছে কিনা তা যাচাই করতেই আলিপুরদুয়ার জেলার প্রশাসনিক কর্তারা অভিযান চালাচ্ছেন।

# উপপ্রধান নির্বাচিত হয়েছে প্রশাসনিক কর্তাদের উপস্থিতিতে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ আগস্ট :** চাপড়ের পর দুই গ্রাম পঞ্চায়েতে উপপ্রধান নির্বাচিত হয়েছে প্রশাসনিক কর্তাদের উপস্থিতিতে। ধনঞ্জয় অধিকারী উপপ্রধান নির্বাচিত হয়েছেন বিজেপির পঞ্চায়েত সদস্যদের উপস্থিতিতে। এদিকে বিজেপির পঞ্চায়েত সদস্যদের উপস্থিতিতে উপপ্রধান ধনঞ্জয় অধিকারী নির্বাচিত হওয়ার পরেই বিজেপি কর্মীদের মধ্যে উল্লাস তৈরি হয়েছে। উল্লেখ্য এর আগে প্রধান নির্বাচিত হয়েছেন বিজেপির পক্ষ থেকেই।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |